ঢাকায় নিয়োগ দেবে স্ট্যান্ডার্ড ব্যাংক

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘ইউনিট হেড’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

ইউনিট হেড (ইনভেস্টমেন্ট রিস্ক ম্যানেজমেন্ট)।

শিক্ষাগত যোগ্যতা

স্বীকৃত যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতকে ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে। প্রার্থীর বাংলা ও ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। ন্যূনতম ১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অনূর্ধ্ব ৪৫ বছর বয়স পর্যন্ত আবেদন করা যাবে।

কর্মস্থল

ঢাকা, হেড অফিস।

বেতন

আলোচনা সাপেক্ষে।

আবেদনের পদ্ধতি

আগ্রহী প্রার্থীরা স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড (www.standardbankbd.com/career) ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ

৫ ফেব্রুয়ারি, ২০২২।

হৃতিককে নিয়ে যে কথা জানালেন সাবেক স্ত্রী

হৃতিকের বোন সুনয়নার জন্মদিন ছিল রোববার। প্রতিবারই এ অনুষ্ঠানে আমন্ত্রণ পান হৃতিক রোশনের সাবেক স্ত্রী সুজানা খান।

রোববারের সেই জন্মদিনের পার্টির কিছু ছবি শেয়ার করে সুজানা লিখেছেন— কিছু বন্ধন যে চিরকালীন। ডার্লিং নিকো। হাসি তোমায় সারাজীবন ঘিরে থাকুক।

খাতাকলমে হৃতিক রোশন তার সাবেক স্বামী। অথচ তার সঙ্গেই বন্ধনকে ‘চিরকালীন’ বলে আখ্যা দিলেন সুজানা খান। শুধু হৃতিকের সঙ্গেই বা কেন, তার পরিবার, তার বোনের সঙ্গেও সুজানার সম্পর্ক দৃঢ়— এমনটিই জানান তিনি।

তবে শুধু যে হৃতিকের বাড়ির অনুষ্ঠানে সুজানা আমন্ত্রিত থাকেন, এমনটি নয়; এই মাসের শুরুতেই সুজানার বাবার জন্মদিনে আমন্ত্রিত ছিলেন হৃতিক। তিনি হাজিরও ছিলেন। প্রতিটা জন্মদিনে দুজনে দুজনকে শুভেচ্ছাও জানান নিয়ম মেনে, দুই সন্তান হৃদান ও রেয়ানকে নিয়ে যান ছুটি কাটাতেও।

স্কটল্যান্ডকে উড়িয়ে দিল বাংলাদেশের মেয়েরা

কমনওয়েলথ গেমসের বাছাইপর্বের প্রথম ম্যাচে স্বাগতিক মালয়েশিয়াকে ও দ্বিতীয় ম্যাচে কেনিয়াকে বড় ব্যবধানে হারায় বাংলাদেশের নারী ক্রিকেট দল। বড় জয়ের ধারাবাহিকতা ধরে রেখেছে তৃতীয় ম্যাচেও। রবিবার সকালে স্কটল্যান্ডকেও উড়িয়ে দিয়েছে সালমা-মুর্শিদারা।

বাংলাদেশ জিতেছে ৯ উইকেটে।

কুয়ালালামপুরের কিনরারা একাডেমি মাঠে বাংলাদেশের জয়ের লক্ষ্য ছিল মাত্র ৭৮। ১৫ দশমিক ২ ওভারে ১ উইকেট হারিয়ে জয় তুলে নেয় নিগার সুলতানার দল। অবশ্য রান তাড়া করতে নেমে প্রথম বলেই উইকেট হারায় বাংলাদেশ। অধিনায়ক ক্যাথরিন ব্রাসির বলে উইকেটের পেছনে সারা ব্রাসির হাতে ক্যাচ দিয়ে আউট হন শামীমা সুলতানা। মুর্শিদা ৫৫ বলে ৬টি চার ও ১ ছক্কায় অপরাজিত ৫০ রান করেন। ৩৬ বলে ১ চারে অপরাজিত ২০ রান করেন ফারজানা।

এর আগে, টস জিতে ব্যাট করতে নামা স্কটল্যান্ডের ইনিংস গুটিয়ে যায় ৭৭ রানে। বল হাতে বাংলাদেশের সালমা খাতুন, সুরাইয়া আজমিন, নাহিদা আক্তার ও সানজিদা আক্তার মেঘলা ২টি করে উইকেট নেন। ১টি উইকেট নেন রিতু মনি। বাছাইপর্বের শেষ ম্যাচে আগামীকাল সোমবার সকালে শ্রীলঙ্কার মুখোমুখি হবে বাংলাদেশ নারী ক্রিকেট দল।

পুলিশ সপ্তাহ উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী

‘দক্ষ পুলিশ, সমৃদ্ধ দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ’ —এ স্লোগানে শুরু হয়েছে ‘পুলিশ সপ্তাহ-২০২২’।

রোববার সকাল ১০টায় রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স মাঠে বার্ষিক পুলিশ প্যারেডের মধ্য দিয়ে পুলিশ সপ্তাহ-২০২২ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি প্যারেডে ভার্চুয়ালি উপস্থিত থেকে পুলিশের বিভিন্ন কন্টিনজেন্ট এবং পতাকাবাহী দলের সুশৃঙ্খল, দৃষ্টিনন্দন প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করছেন।

সকালে প্রধানমন্ত্রীর নির্দেশে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল অনুষ্ঠানস্থলে এসে দৃষ্টিনন্দন প্যারেড পরিদর্শন করেন।

বার্ষিক পুলিশ প্যারেডে অধিনায়ক হিসেবে নেতৃত্ব দেন পুলিশ সুপার মো. ছালেহ উদ্দিন। তার নেতৃত্বে বিভিন্ন কন্টিনজেন্টের পুলিশ সদস্যরা প্যারেডে অংশ নেন।

দ্বিতীয় দিনের (সোমবার) কর্মসূচির মধ্যে রয়েছে— শিল্ড প্যারেডের ফাইন প্রতিযোগিতা, প্রীতিভোজ, সন্ধ্যায় অবসরপ্রাপ্ত ও বর্তমান কর্মকর্তাদের পুনর্মিলনী।

তৃতীয় দিন (মঙ্গলবার) সকালে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রীর সম্মেলন অনুষ্ঠিত হবে। এদিন বিকালে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সঙ্গে প্রধান বিচারপতির সম্মেলন এবং সন্ধ্যায় ভার্চুয়ালি ভাষণ দেবেন রাষ্ট্রপতি।

২৬ জানুয়ারি ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সঙ্গে আইজিপির সম্মেলন অনুষ্ঠিত হবে। পুলিশ সপ্তাহের শেষ দিন ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সঙ্গে বিভিন্ন মন্ত্রীর সম্মেলন অনুষ্ঠিত হবে। এদিন বিকালে উচ্চপর্যায়ের পুলিশ কর্মকর্তাদের সঙ্গে মন্ত্রিপরিষদ সচিবের সম্মেলনের মাধ্যমে সপ্তাহের কার্যক্রম শেষ হবে।

সূত্র জানায়, প্রধানমন্ত্রীর সঙ্গে পুলিশ কর্মকর্তাদের দরবার এবার করোনার কারণে বাতিল করা হয়েছে। করোনা পরিস্থিতি বিবেচনায় পুলিশের দাবিগুলো প্রধানমন্ত্রীকে লিখিতভাবে জানানো হবে। এছাড়া স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠকে বিভিন্ন দাবিদাওয়া উপস্থাপন করা হবে।

পুলিশ সপ্তাহের অন্যতম আকর্ষণ হলো বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম) এবং রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম) প্রদান। করোনা পরিস্থিতির কারণে গত বছর পুলিশ সপ্তাহ উদযাপন না হওয়ায় এবার ২০২০ ও ২০২১ সালের বিপিএম-পিপিএম পদক একসঙ্গে দেওয়া হবে। মোট ২৩০ পুলিশ কর্মকর্তা বিপিএম ও পিপিএম পদক পাচ্ছেন।

প্রতি বছর প্রধানমন্ত্রী এ পদকসংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রদান করেন। এবারও প্রধানমন্ত্রীর পক্ষে পদক তুলে দেবেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল।

করোনা মহামারির কারণে গত বছর বাংলাদেশ পুলিশের বড় সম্মেলন পুলিশ সপ্তাহ অনুষ্ঠিত হয়নি। তবে এবার করোনা চোখ রাঙানি উপেক্ষা করে কঠোর বিধিনিষেধ অনুসরণের মধ্য দিয়ে হচ্ছে পুলিশ সপ্তাহ-২০২২।

সংসদে উত্থাপন ইসি গঠন আইন বিল

জাতীয় সংসদে বিল আকারে উত্থাপন করা হলো নির্বাচন কমিশন (ইসি) গঠন সংক্রান্ত খসড়া আইন।

রোববার বেলা ১১টার দিকে একাদশ জাতীয় সংসদের ১৬তম অধিবেশনে এই বিল উত্থাপন করেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক।

বিলটি উত্থাপনের পর অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য তার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটিতেই বিলটি পাঠানো হবে।

পাঁচ দিন বিরতির পর আজ বেলা ১১টায় একাদশ জাতীয় সংসদের ১৬তম অধিবেশন আবার শুরু হয়। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এতে সভাপতিত্ব করছেন।

সংবিধানের ১১৮ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এবং নির্বাচন কমিশনার (ইসি) নিয়োগের জন্য বিলটি আনা হচ্ছে। কেএম নূরুল হুদার নেতৃত্বাধীন বর্তমান ইসির মেয়াদ শেষ হচ্ছে আগামী ১৪ ফেব্রুয়ারি। তার আগেই রাষ্ট্রপতিকে নতুন কমিশন গঠন করতে হবে। সেক্ষেত্রে আইনটি জাতীয় সংসদে উত্থাপন ও পাস করে গেজেট আকারে প্রকাশের জন্য হাতে চার সপ্তাহ সময় রয়েছে।

এর আগে গত ১৭ জানুয়ারি ‘প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ আইন- ২০২২’ এর খসড়া নীতিগত ও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

পাঁচ শহরে নিয়োগ দেবে ব্র্যাক ব্যাংক

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ব্র্যাক ব্যাংক লিমিটেড। প্রতিষ্ঠানটিতে ‘রিজিওনাল হেড’ পদে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

পদের নাম

রিজিওনাল হেড–ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

স্বীকৃত যেকোনো শিক্ষাপ্রতিষ্ঠান থেকে যেকোনো বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর পাস প্রার্থীরা আবেদন করতে পারবেন। প্রার্থীর ১২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে ব্রাঞ্চ ম্যানেজার হিসেবে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মাইক্রোসফট অফিসে অভিজ্ঞতা, দলবদ্ধভাবে কাজের মানসিকতা থাকতে হবে।

কর্মস্থলঃ বগুড়া, ঢাকা, খুলনা, রাজশাহী ও সিলেট।

বেতন আলোচনা সাপেক্ষে

আবেদনের প্রক্রিয়াঃ আগ্রহী প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ তারিখ ২৯ জানুয়ারি, ২০২২।

ঢাকার চেয়েও বড় ঝড় তুলে ম্যাচ জিতে নিল খুলনা

বাংলাদেশ প্রিমিয়ার লিগে শুক্রবার দ্বিতীয় ম্যাচে মিনিস্টার ঢাকাকে ৫ উইকেটে হারিয়েছে খুলনা টাইগার্স। ম্যাচটিতে প্রথমে

ব্যাট করতে নেমে ঝড় তুলে ৬ উইকেট হারিয়ে ১৮৩ রান করে ঢাকা। কিন্তু তাদের চেয়েও বড় ঝড় তুলে ১৯ ওভার খেলে ৫ উইকেট হারিয়ে জয় তুলে নিয়েছে মুশফিকুর রহিমের খুলনা।

ঢাকার মোহাম্মদ শেহজাদের ২৭ বলে ৪২, মাহমুদউল্লাহ রিয়াদের ২০ বলে ৩৯ ও তামিম ইকবালের ৪২ বলে ৫০ রানের সুবাদে ১৮৩ রানের বিশাল লক্ষ্যমাত্রা দাঁড় করায়। বোলিংয়ে খুলনার হয়ে সর্বোচ্চ তিনটি উইকেট তুলে নিয়েছিলেন কামরুল ইসলাম রাব্বি।

কিন্তু জবাবে খুলনার আন্দ্রে ফ্লেচার ২৩ বলে ৪৫, রনি তালুকদার ৪২ বলে ৬১ ও থিসারা পেরেরা ১৮ বলে ৩৬ রানের ঝড়ো ইনিংসে এক ওভার আগেই ম্যাচ জিতে খুলনার টাইগাররা।

খুলনার হয়ে সবচেয় বড় ঝড়টা তুলেন রনি তালুকদার। তিনি ওয়ান ডাউনে খেলতে নেমেই রানের সংখ্যা মাথায় রেখে খেলতে থাকেন। শেষ পর্যন্ত তিনি থামেন ৬১ রান করে।

ঢাকার হয়ে সবচেয়ে বেশি রান দিয়েছেন রুবেল। তিনি মাত্র তিন ওভার বল করেই ৪২ রান খরচ করে ফেলেন। বিনিময়ে কোনো উইকেট পাননি।

ঢাকার হয়ে দুইটি করে উইকেট তুলে নেন আন্দ্রে রাসেল ও এবাদত হোসেন। তবে রাসেল চার ওভারে ৪২ রান দিয়ে ফেলেন। এবাদত ২৭ রান দিয়ে দুইটি উইকেট পান।

আবারও দেশ ছাড়ছেন তৌকীর আহমেদ

জনপ্রিয় অভিনেতা ও নির্মাতা তৌকীর আহমেদ গত দুবছর ধরে আমেরিকায় যাওয়া-আসা করছেন। কখনো দুই মাস কখনো ছয় মাস-২০২০ সাল থেকে এভাবেই চলছে তার প্রবাস জীবন। তার এ আমেরিকা ভ্রমণ অবশ্য কোনো পেশাদারি কাজের জন্য নয়। দেশটিতে দুই সন্তানকে পড়ালেখা করাচ্ছেন তৌকীর।

সন্তানদের সঙ্গে সেখানে অবস্থান করছেন তার সহধর্মিণী বিপাশা হায়াত। উদ্দেশ্য আমেরিকায় স্থায়ী হওয়া। তাই করোনার এ কঠিন সময়েও তারা সেখানে নিজেদের পরিকল্পনা অনুযায়ী চলছেন। গত এক মাস আগে

তৌকীর আহমেদ ঢাকায় ফিরেছিলেন। ফিরেই নিজের ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং বিভিন্ন কাজে সময় দেন। তবে আজ আবারও তিনি দেশ ছাড়েন।

তৌকীরের ঘনিষ্ঠ একাধিক সূত্র জানিয়েছে, তিনি আমেরিকায় একটি প্রতিষ্ঠানে চাকরি করছেন। পাশাপাশি স্থায়ী আবাসনের জন্য আবেদনও করেছেন। এ জন্য গত ছয় মাস দেশে আসেননি এ অভিনেতা। এ প্রসঙ্গে তৌকীরের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বিষয়টি নিয়ে কথা বলতে চাননি। তবে তিনি আমেরিকায় যাওয়া-আসা প্রসঙ্গে বলেন, ‘সন্তানদের আমেরিকায় পড়ালেখা করানোর পরিকল্পনা আমার অনেকদিনের। ২০২০ সালের শুরুতে করোনা আসার আগেই বিপাশাসহ ওদের সেখানে পাঠাই।

এরপর থেকে বিপাশা স্থায়ীভাবে সেখানে অবস্থান করছে। কিন্তু আমার তো দেশে অনেক কাজ, তাই যাওয়া-আসার মধ্যে আছি।’ এদিকে তৌকীর আহমেদ কিছুদিন আগে শ্যাম বেনেগালের পরিচালনায় ‘বঙ্গবন্ধু’ বায়োপিকে অভিনয় করেছেন। এ ছাড়া মানিক মানবিকের পরিচালনায় ‘ছেলেটি আজব’ এবং মাহমুদ দিদারের পরিচালনায় ‘বিউটি সার্কাস’ নামের দুটি সিনেমায়ও অভিনয় করেছেন তিনি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক পদে চাকরির সুযোগ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সহযোগী অধ্যাপক পদে শিক্ষক নেওয়া হবে। আগ্রহী যোগ্য প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

পদের নাম: সহযোগী অধ্যাপক
বিভাগ: ভূগোল ও পরিবেশ বিভাগ
পদসংখ্যা: ১
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: ভূগোল ও পরিবেশ বিষয়ে পিএইচডি বা সমমানের ডিগ্রি থাকতে হবে। বিশ্ববিদ্যালয় অথবা কোনো উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ৭ বছরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। মৌলিক গবেষণা থাকতে হবে।

বেতন স্কেল: ৫০,০০০-৭১,২০০ টাকা

আবেদন ফি
ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অনুকূলে ১০০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করে রসিদ আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

যেভাবে আবেদন
প্রার্থীদের সব শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশিট, প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ কপি আবেদনপত্র পাঠাতে হবে।

আবেদনপত্র পাঠানোর ঠিকানা: রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

আবেদনের শেষ সময়: ১৭ ফেব্রুয়ারি ২০২২।

এসএমই ই-ডাটাবেইসের কার্যক্রম শুরু

এটুআইয়ের সহযোগিতায় দেশব্যাপী এসএমই ই-ডাটাবেইস তৈরি করছে এসএমই ফাউন্ডেশন।

এই ই-ডাটাবেইস নিবন্ধিত হলে সহজে সেবা পাবেন ক্ষুদ্র উদ্যোক্তারা। http://www.smef.nise.gov.bd এই ওয়েব লিংকে লগইন করে একজন উদ্যোক্তা নিজে/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের সহায়তায়/এসএমই ক্লাস্টার অ্যাসোসিয়েশনের মাধ্যমে এসএমই ই-ডাটাবেইসের জন্য নিজেদের তথ্য আপলোড করতে পারবেন।

ই-ডাটাবেইস তৈরি কার্যক্রমের অংশ হিসেবে গতকাল বৃহস্পতিবার প্রাথমিকভাবে ঢাকার শ্যামপুর, বগুড়ার আদমদীঘি, পিরোজপুরের নেছারাবাদ ও কিশোরগঞ্জের ভৈরব—দেশের চারটি উপজেলা/থানায় পাইলট কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান অতিথি শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন।

এসএমই ফাউন্ডেশনের চেয়ারপারসন অধ্যাপক ড. মো. মাসুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহেমদ পলক। স্বাগত বক্তব্য দেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. মফিজুর রহমান এবং শুভেচ্ছা বক্তব্য দেন এটুআই (a2i)-এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর।

প্রতিমন্ত্রী জুনাইদ আহেমদ পলক বলেন, ‘নিয়মিত হালনাগাদকৃত ডাটাবেইস না থাকার ফলে আমাদের প্রায়ই সিএমএসএমই খাত নিয়ে নানা রকম নীতিগত সিদ্ধান্ত গ্রহণে বেগ পেতে হতো। এসএমই উদ্যোক্তাদের প্রশিক্ষণ, তহবিলের জোগান এবং ব্যবসার বিভিন্ন সেবা দেওয়া নিশ্চিত করতে একসঙ্গে কাজ করতে পারে এসএমই ফাউন্ডেশন ও আইসিটি বিভাগ।